গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২ (সমন্বয়, এপিএ ও আইসিটি)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

| | |
|---|---|
| বিষয় | : **১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস, ২০২২ এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২২ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : ড. মোঃ ওমর ফারুক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| তারিখ | : ২০ নভেম্বর ২০২২ তারিখ রবিবার বেলা ১১:০০ টায়। |
| সভার স্থান | : সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর। |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন মহান মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহিদ ও তিন লক্ষ নির্যাতিতা মা-বোনদের স্মৃতির প্রতি। তিনি বলেন, বঙ্গবন্ধু এবং বাংলাদেশ এক ও অভিন্ন। এই মহান নেতার আহ্বানে সাড়া দিয়ে সমগ্র বাঙ্গালি জাতি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করে দীর্ঘ নয় মাস সশস্ত্র যুদ্ধে সীমাহীন ত্যাগের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মহান বিজয় অর্জন করে। বিজয় দিবসের এই দিনটি জাতির জন্য নিঃসন্দেহে খুবই গুরুত্বপূর্ণ দিন। প্রতি বছরের ন্যায় এ বছরও দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও, মহান মুক্তিযুদ্ধে বিজয়ের প্রাক্কালে পাকিস্তানী হানাদার বাহিনী জাতির শ্রেষ্ঠ সন্তান বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের ধরে নিয়ে তাঁদের উপর নির্মম অত্যাচার চালিয়ে হত্যা করে। ১৯৭১ সালে ১৪ ডিসেম্বর হত্যাকান্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপি শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস, ২০২২ এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০২২ উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন করেছে। উক্ত কর্মসূচির সাথে সমন্বয় রেখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ দিবস ২টি উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। সে পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস যথাযথ মর্যাদার সাথে উদযাপন করতে হবে। অতঃপর তিনি পরিচালক(প্রশাসন)-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য আহ্বান জানান। পরিচালক(প্রশাসন) সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ :

| আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| আলোচ্যসূচি-১: সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন;<br><br>**আলোচনা:** মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সকল দপ্তর-সংস্থা এবং সরকারি-বেসরকারি ও স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণ করতে হবে;<br><br>মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর সভায় উল্লেখ করেন যে, জাতীয় পতাকা একটি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক। তিনি জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে পতাকার সঠিক রং ও মাপের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি ছেড়া বা বিবর্ণ পতাকা উত্তোলন না করা এবং প্রযোজ্য ক্ষেত্রে নতুন পতাকা উত্তোলন এবং | • ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;<br>• জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণ করতে হবে;<br>• ছেড়া বা বিবর্ণ পতাকা উত্তোলণ করা যাবে না এবং সম্ভব হলে নতুন পতাকা উত্তোলন করতে হবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |

C:\Users\User\Desktop\মহান বিজয় দিবস ২০২২ কার্যবিবরণী - Copy.docx

| আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| প্রতিষ্ঠানের দৃশ্যমান অংশে জাতীয় পতাকা উত্তোলনের ওপর গুরুত্বারোপ করেন; | | |
| আলোচ্যসূচি-২: ক) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন;<br><br>খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সংবলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন;<br><br>**আলোচনা:** ঢাকাস্থ ঢাকা/ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস্ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট-এ সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের পতাকা উত্তোলন করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ ক্ষেত্রে অধিদপ্তরাধীন ঢাকাস্থ শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু ভবন (High-rise building) না থাকায় বাংলাদেশের বৃহদাকার পতাকা উত্তোলন না করার বিষয়ে সভায় উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সম্বলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে। মন্ত্রণালয় থেকে ব্যানারের নমুনা পাওয়া যাবে। | • জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সংবলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-৩: গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা;<br><br>**আলোচনা:** গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরিস্থিতি বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। নির্দেশনা পাওয়া গেলে সেই অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে; | • এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা পাওয়া গেলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-৪: দেশের সকল জেলা এবং উপজেলা সদরে বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার-ভিডিপি, বিএনসিসি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড এবং শিশু-কিশোর সংগঠন (যেখানে সম্ভব) কর্তৃক বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠান।<br><br>**আলোচনা:** ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের আওতাধীন স্কুল কলেজ, মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | • ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ দেশের সকল জেলা ও উপজেলা সদরে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে অনুষ্ঠেয় নির্ধারিত কুচকাওয়াজ অনুষ্ঠানে অধিদপ্তরাধীন স্কুল কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান, স্কাউটস, রোভার স্কাউটস, গার্লস গাইড ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |

| আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| আলোচ্যসূচি-৫: জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন;<br><br>**আলোচনা:** ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ জেলা ও উপজেলা সদরের সকল সরকারি-বেসরকারি স্কুল-কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল, কলেজের শিক্ষার্থীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | • ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ অধিদপ্তরের আওতাধীন সরকারি-বেসরকারি স্কুল-কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20 ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করবে। | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-৬: 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়ামের আয়োজন।<br><br>**আলোচনা:** 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা ও সিম্পোজিয়ামের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর আলোচনা সভাটি সুসংগঠিতভাবে অনুষ্ঠানের জন্য দিক নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, প্রথমে নির্ধারিত বিষয়ে একজন মূল প্রবন্ধ উপস্থাপন করবেন এবং পরবর্তীতে অন্যান্যরা আলোচনার ঐ বিষয়ের ওপর আলোচনায় অংশ গ্রহণ করবেন এবং প্রত্যেক প্রতিষ্ঠানে আলোচনা সভা অনুষ্ঠানের জন্য লিখিত আকারে অফিস আদেশ ও কমিটি গঠন করবে। | • সকল প্রতিষ্ঠান 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' শীর্ষক আলোচনা সভার আয়োজন করবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-৭: জাতীয় পর্যায়ে মুক্তিযুদ্ধভিত্তিক রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন এবং যেখানে সম্ভব মুক্তিযুদ্ধভিত্তিক প্রামান্য চিত্র প্রদর্শনী;<br><br>**আলোচনা:** ক) ১৬-১২-২০২২ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২২ খ্রি. তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতা আয়োজনসহ মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান ও মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে শ্রেণি অনুযায়ী মুক্তিযুদ্ধভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজনের বিষয়ে মতামত ব্যক্ত করেন। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার হিসেবে জাতির পিতার নিজের লেখা বই, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লেখা | • ১৬-৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান মুক্তিযুদ্ধভিত্তিক আবৃত্তি এবং রচনা প্রতিযোগিতার আয়োজনসহ মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করবে;<br>• প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার হিসেবে জাতির পিতার নিজের লেখা বই, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক লেখা বই ও মুক্তিযুদ্ধভিত্তিক বই প্রদান করবে;<br>• সকল শিক্ষা প্রতিষ্ঠান মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা করবে;<br>• সকল শিক্ষা প্রতিষ্ঠানে সম্ভব হলে একজন বীর মুক্তিযোদ্ধার উপস্থিতিতে তাঁর নিজ মুখে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |

| আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| বই, মুক্তিযুদ্ধভিত্তিক বই প্রদানের বিষয়ে মতামত ব্যক্ত করেন।<br><br>খ) শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে তাঁদের মুখে মুক্তিযুদ্ধের উল্লেখযোগ্য স্মৃতি শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের বিষয়েও সভায় আলোচনা করা হয়; | শিক্ষার্থীদের সম্মুখে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | |
| আলোচ্যসূচি-৮: মহান বিজয় দিবস উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ;<br><br>**আলোচনা:** মহান বিজয় দিবস উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়; | • স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় রেখে সকল অনুষ্ঠানের আয়োজন করবে;<br>• উক্ত অনুষ্ঠানে অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-৯: শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে জেলা/উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশেষ আলোচনা সভা আয়োজন;<br><br>**আলোচনা:** শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়; | • শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে অধিদপ্তারাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজনের করবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ<br>পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়,<br>অধ্যক্ষ, অধিদপ্তরাধীন সকল শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান |
| আলোচ্যসূচি-১০: শহিদ বুদ্ধিজীবী দিবসে পুষ্পস্তবক অর্পণ;<br><br>**আলোচনা:** ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসে রায়ের বাজারে অবস্থিত শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মন্ত্রণালয়ের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। ঢাকাস্থ দপ্তর-সংস্থার প্রধানগণকে পুষ্পস্তবক অর্পণে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয় হতে নির্দেশনা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়; | • কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক উক্ত পুষ্পস্তবক অর্পণে অংশগ্রহণ করবেন;<br>• এ বিষয়ে পরিচালক (প্রশাসন) যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে; | পরিচালক(প্রশাসন), কাশিঅ |

২০/১১/২০২২

(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১১.২৩.০০৭.২২- ২৬৯ তারিখ: ২০/১১/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক (Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্প/উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্প (২য় পর্যায়ে)/১০০ টি

উপজেলায় ১টি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্প/সিলেট,বরিশাল,ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপন প্রকল্প/চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এবং রংপুর বিভাগে ১টি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প/২৩ টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প/কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প/বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৪। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।

০৫। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ।

০৬। অধ্যক্ষ, পলিটেকনিক ইনষ্টিটিউট (সকল)।

০৭। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনষ্টিটিউট (ভিটিটিআই)।

০৮। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (নতুন ৭০টি টিএসসিসহ সকল)।

০৯। উপ-পরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। সহকারী পরিচালক (১/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট সকলের ই-মেইলে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। সংরক্ষণ নথি।

২০/১১/২০২২
(নিজাম উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক